# যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২

## LTM পদ্ধতিতে **নড়াইল জোনাল অফিস ক্যাম্পাসের সীমানা প্রাচীর নির্মান কাজের জন্য পূর্ত উপদেষ্টা নিয়োগ কাজের দরপত্র দলিল**

**দরপত্র নং. ৩১/২০২৩-২০২৪**

দরদাতা প্রতিষ্ঠানের নামঃ ...........................................................

ISO 9001:2015 Certified

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২
মনিরামপুর, যশোর

## দরদাতার প্রতি নির্দেশাবলী

| | | |
|---|---|---|
| ১। | দরপত্র দলিল | ক্রয়তব্য সেবা, দরপত্র পদ্ধতি এবং চুক্তির শর্তাবলী এই দরপত্র দলিলে বর্ণনা করা হইয়াছে। দরপত্র বিজ্ঞপ্তি ছাড়াও এই দরপত্র দলিলের অন্তর্ভূক্ত হইবে নিম্নোক্ত অংশগুলিঃ<br>(ক) দরদাতার প্রতি নির্দেশাবলী<br>(খ) দরপত্র ফরম<br>(গ) ক্রয়তব্য সেবার স্পেসিফিকেশন<br>(ঘ) সেবার মূল্য তালিকা<br>(ঙ) সরবরাহ সময়সীমা তালিকা |
| ২। | দরপত্র দলিল স্পষ্টায়ন | দরপত্র দলিলের কোন বিধান সম্ভাব্য দরদাতাদের কাছে অস্পষ্ট প্রতীয়মান হইলে তা স্পষ্টায়নের জন্য ক্রেতার ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানানো যাইতে পারে। ক্রেতা লিখিতভাবে সম্ভাব্য দরদাতার অনুরোধ অনুযায়ী সংশ্লিষ্ট বিষয় স্পষ্টায়ন করিবেন। |
| ৩। | দরপত্র দলিলের সংশোধন | দরপত্র দাখিলের সর্বশেষ সময়ের পূর্বে যে কোন সময় ক্রেতা তার নিজ উদ্যোগে অথবা সম্ভাব্য দরদাতার অনুরোধে দরপত্র দলিলের যে কোন বিধান সংশোধন করিতে পারিবেন। তবে যে সকল সম্ভাব্য দরদাতা ঐ সময়ে দরপত্র দলিল সংগ্রহ করিয়াছেন তাঁহাদেরকে লিখিতভাবে উক্ত সংশোধন জানানো হইবে এবং তাহা অনুসরণ করা দরদাতাদের জন্য বাধ্যতামূলক হইবে। |

### দরপত্র তৈরী

| | | |
|---|---|---|
| ৪। | যে সকল দলিল দ্বারা দরপত্র তৈরী হইবে | দরদাতা কর্তৃক দাখিলতব্য দরপত্র অবশ্যই নিম্নোক্ত দলিলসমূহ লইয়া তৈরী হইবেঃ<br>(ক) পূরণকৃত দরপত্র ফরম (পরিশিষ্ট ''ক''), মালামাল/সেবার স্পেসিফিকেশন (পরিশিষ্ট ''খ'') ও মূল্য তালিকা (পরিশিষ্ট ''গ'')<br>(খ) পূরণকৃত সরবরাহ সময়সীমা তালিকা (পরিশিষ্ট ''ঘ'') |
| ৫। | দরদাতার যোগ্যতা | **সীমানা প্রাচীর নির্মানের জন্য পূর্ত উপদেষ্টা কাজের** অভিজ্ঞতা থাকিতে হইবে। অন্যথায় যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ক্ষেত্রমত সরবরাহকারী প্রতিষ্ঠান/ প্রস্তুতকারকের প্রতিষ্ঠান পরিদর্শন করিয়া সরবরাহকারী প্রতিষ্ঠান/প্রস্তুতকারকের যোগ্যতা যাচাই করা হইবে। |
| ৬। | কার্যসম্পাদন জামানত | কৃতকার্য দরদাতা কর্তৃক মোট উদ্বৃত অর্থের ১০% হিসাবে Performance Security হিসাবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা প্রদান পূর্বক চুক্তি সম্পাদন করিতে হইবে। যা সঠিক ভাবে কার্যসম্পাদনের ০৬ (ছয়) মাস পর ফেরৎ প্রদান করা হবে। |
| ০৭। | দরপত্র মেয়াদ | দরপত্র দাখিলের ৯০ (নব্বই) দিন পর্যন্ত দরপত্রের মেয়াদ বহাল থাকিবে। দরপত্রের মেয়াদ ৯০ (নব্বই) দিন এর কম সময়ের জন্য হইলে দরপত্র নন-রেসপনসিভ হিসেবে বাতিল করা হইবে। বিশেষ পরিস্থিতিতে ক্রেতা দরপত্রের মেয়াদ বাড়ানোর জন্য অনুরোধ করিতে পারিবেন। এই অনুরোধ এবং এর দরদাতার সাড়া অবশ্যই লিখিতভাবে হইতে হইবে। তবে দরদাতা দরপত্রের মেয়াদ বাড়ানোর অনুরোধ প্রত্যাখান করিতে পারিবেন। সেক্ষেত্রে দরদাতার দরপত্র জামানত বাজেয়াপ্ত হইবে না। |
| ৭ (ক) | দরপত্র স্বাক্ষর | দরদাতা দরপত্রের একটি পরিপূর্ণ কপি দাখিল করিবেন। দরপত্রের প্রত্যেক পৃষ্ঠায় দরদাতা অথবা তাহার উপযুক্ত প্রতিনিধির স্বাক্ষর ও সীল থাকিতে হইবে । দরপত্রে কোনরূপ কাটাকাটি , ঘষামাজা করা হইলে তাহা দরপত্র স্বাক্ষরকারী কর্তৃক অনুস্বাক্ষরিত হইতে হইবে। |
| ৭ (খ) | দরপত্রের সহিত দাখিলকৃত দলিলাদি/কাগজপত্র | দরদাতা দরপত্রের সহিত নিম্নবর্নিত দলিলাদির সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে ।<br>(০১) হালনাগাদ ট্রেড লাইসেন্স।<br>(০২) হালনাগাদ আয়কর ক্লিয়ারেন্স সনদ ।<br>(০৩) হালনাগাদ ব্যাংক সলভেন্সী সনদ ।<br>(০৪) ভ্যাট রেজিষ্ট্রেশন সনদ ।<br>(০৫) পূর্ত উপদেষ্টা হিসাবে বাপবিবোর্ডের তালিকাভুক্তির প্রমাণক।<br>(০৬) পূর্ত উপদেষ্টা হিসাবে কাজের অভিজ্ঞতা। |

দরদাতার স্বাক্ষর ও সীল

**দরপত্র দাখিল**

| | | |
|---|---|---|
| ৮। | দরপত্র বন্ধকরণ ও চিহ্নিত করণ | দরদাতা দরপত্র একটি খামে মুখ বন্ধ করিবেন এবং খামের উপরে দরপত্র লিখিয়া চিহ্নিত করিবেন। খামে দরদাতা প্রতিষ্ঠানের ঠিকানা লিখিতে হইবে এবং খামের উপরে ''দরপত্র সর্বশেষ সময়সীমার পূর্বে (তারিখ ০৪/০৩/২০২৪ ইং ও সময় দুপুর ১১:০৫ ঘটিকা) খোলা যাইবে না'' মর্মে লিখিতে হইবে। |
| ৯। | দরপত্র দাখিলের সময়সীমা | দরপত্র অবশ্যই ০৪/০৩/২০২৪ইং তারিখ দুপুর ১১:০০ ঘটিকার সময় বা তার পূর্বে (১) পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা অথবা (২) যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ মনিরামপুর, যশোর (সদর দপ্তর) এ রক্ষিত টেন্ডার বাক্সে জমা দিতে হইবে। যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ প্রয়োজন মনে করিলে দরপত্র দলিলের সকল শর্ত অপরিবর্তিত রাখিয়া দরপত্র গ্রহণের সময়সীমা বৃদ্ধি করিতে পারিবেন। |

**ক্রেতা কর্তৃক দরপত্র খোলা ও মূল্যায়ন**

| | | |
|---|---|---|
| ১০। | **দেরীতে দাখিলকৃত দরপত্র** | দরদাতা প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত সময়সীমার পরে দাখিলকৃত সকল দরপত্র বাতিল করা হইবে এবং বন্ধ অবস্থায় দরদাতাকে ফেরৎ প্রদান করা হইবে। |
| ১১। | **ক্রেতা কর্তৃক দরপত্র খোলা** | নির্ধারিত তারিখ ও সময়ে দরদাতাগণের প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেহ থাকেন) দরদাতা প্রতিষ্ঠান কর্তৃক দরপত্র সমূহ খোলা হইবে। দরদাতাগণের প্রতিনিধিগণ উপস্থিত থাকিলে অবশ্যই তাহারা উপস্থিতি তালিকায় স্বাক্ষর করিবেন। দরপত্র খোলার সময় দরদাতা প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, উদ্ধৃত মূল্য, ডিসকাউন্ট (যদি থাকে), দরপত্র জামানতের পরিমাণ এবং ক্রেতার মতে প্রয়োজনীয় অন্যান্য বিষয় ঘোষনা করিবেন এবং লিপিবদ্ধ করিবেন। অনুচ্ছেদ-১০ অনুযায়ী দেরীতে দাখিলকৃত দরপত্র ব্যতীত দরপত্র খোলার সময় অন্য কোন দরপত্র বাতিল ঘোষনা করা যাইবে না। |
| ১২। | **দরপত্র স্পষ্টায়ন** | দরপত্র মূল্যায়নকালে দরদাতা প্রতিষ্ঠান প্রয়োজন মনে করিলে যে কোন দরদাতার নিকট তাঁহার দরপত্রের উপর ব্যাখ্যা চাহিতে পারেন। তবে এই ধরণের ব্যাখ্যা এবং তার বিপরীতে সাড়া অবশ্যই লিখিতভাবে হইতে হইবে । এ ছাড়াও উদ্ধৃত মূল্যের পরিবর্তন অথবা দরপত্রের মূল বিষয়ের উপর কোন ব্যাখ্যা ক্রেতা চাহিতে পারিবেন না অথবা দরদাতা প্রস্তাব করিতে পারিবেন না বা প্রস্তাব করার অনুমতি দেওয়া হইবে না। |
| ১৩। | **প্রাথমিক যাচাই বাছাই** | ১৩.১ ক্রেতা গৃহীত দরপত্রসমূহ প্রাথমিক যাচাই বাছাইকালে দরপত্র দলিলের শর্তাদি অনুযায়ী দরপত্রসমূহ পূর্ণাঙ্গ কি না, প্রয়োজনীয় দরপত্র জামানত দাখিল করা হইয়াছে কি না, দরপত্র যথাযথভাবে স্বাক্ষরিত কি না, গাণিতিক কোন ভুল আছে কি না ইত্যাদি বিষয়ে নিশ্চিত হইবেন। গাণিতিক কোন ভুল থাকিলে নিম্নোক্তভাবে তা সংশোধন করা হইবেঃ<br>উদ্ধৃত একক মূল্যকে পরিমাণ দ্বারা গুণ করিয়া প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেই ক্ষেত্রে একক মূল্য বহাল থাকিবে এবং সেই অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হইবে। অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্ধৃত মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেই ক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকিবে।<br>১৩.২ দরপত্রে যে কোন ধরণের ছোট খাট ত্রুটি, অনিয়ম ক্রেতা উপযুক্ত মনে করিলে উপেক্ষা করিতে পারেন যদি এ ধরণের ছোট খাট ত্রুটি/অনিয়ম কোন বড় ধরণের বিচ্যুতি হিসাবে বিবেচিত না হয়। বড় ধরণের বিচ্যুতি বলিতে, উদাহরণ স্বরূপ, প্রয়োজনীয় অংকের দরপত্র জামানত দাখিল না করা, দরপত্র ফরম তথা দরপত্রের অন্যান্য প্রয়োজনীয় অংশ দরদাতা কর্তৃক স্বাক্ষরিত না হওয়া, মালামাল সরবরাহের নির্ধারিত সময়সীমার মধ্যে দরদাতা কর্তৃক মালামাল সরবরাহের প্রস্তাব না করা ইত্যাদি বুঝাইবে। |
| ১৪। | **দরপত্র মূল্যায়ন ও তুলনাকরণ** | গৃহীত দরপত্রসমূহ অনুচ্ছেদ-১৩ অনুযায়ী যাচাই বাছাইকালে সর্বোতভাবে বিবেচিত রেসপনসিভ দরপত্রসমূহ ক্রেতা মূল্যায়ন ও তুলনা করিবেন। |

**কার্যাদেশ প্রদান**

| | | |
|---|---|---|
| ১৫। | **কার্যাদেশ প্রদানের নির্ণায়ক** | অনুচ্ছেদ-১৮ সাপেক্ষে, ক্রেতা সফল দরদাতা অর্থাৎ যাহার দরপত্র সর্বোতভাবে রেসপনসিভ এবং মূল্যায়িত সর্বনিম্ন দরপত্র হিসাবে বিবেচিত হইবে তাহাকে কার্যাদেশ প্রদান করিবেন। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে কার্য সম্পাদনের পূর্বে ৩০০ (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। |

দরদাতার স্বাক্ষর ও সীল

| | | |
|---|---|---|
| ১৬। | **কার্যাদেশ প্রদানের সময় সেবার পরিমাণ বাড়ানো /কমানোর ব্যাপারে ক্রেতার অধিকার** | কার্যাদেশ প্রদানের সময় সেবার পরিমাণ দরপত্র দলিলের 'মূল্য ও সেবার তালিকায়' উল্লেখিত মালামাল হইতে হ্রাস/বৃদ্ধি করার অধিকার ক্রেতা সংরক্ষণ করেন। তবে এই হ্রাস/বৃদ্ধির পরিমাণ ১৫ (পনের) শতাংশের অধিক হইবে না। দরপত্র দলিলের 'মূল্য ও সেবার তালিকায়' উল্লেখিত সেবার ধরন একাধিক হইলে এবং সকল ধরনের মালামাল ক্রেতা সমহারে হ্রাস/বৃদ্ধির প্রয়োজন মনে না করিলে সেই ক্ষেত্রে ভিন্ন ভিন্ন হারে হ্রাস/বৃদ্ধি করিতে পারিবেন তবে মোট হ্রাস/বৃদ্ধির পরিমাণ কোন অবস্থায় সফল দরদাতার উদ্ধৃত মূল্যের ১৫ (পনের) শতাংশ অতিক্রম করিতে পারিবে না। |
| ১৭। | **ক্রেতার যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ / প্রত্যাখান করার অধিকার** | কার্যাদেশ প্রদানের পূর্ব পর্যন্ত ক্রেতা যে কোন দরপত্র গ্রহণ/প্রত্যাখান করা অথবা দরপত্র প্রক্রিয়া বাতিল অথবা সকল দরপত্র প্রত্যাখান করার অধিকার সংরক্ষণ করেন এবং এ কারণে ক্ষতিগ্রস্থ দরদাতা বা দরদাতাগণের নিকট ক্রেতার কোন দায়বদ্ধতা সৃষ্টি হইবে না। |
| ১৮। | **কার্যাদেশ প্রদান** | দরপত্রের মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বেই ক্রেতা সফল দরদাতাকে লিখিতভাবে কার্যাদেশ প্রদান করিবেন। |
| ১৯। | **সেবা সরবরাহের সময়সীমা** | কার্যাদেশ প্রদানের তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নড়াইল জোনাল অফিস ক্যাম্পাসের সীমানা প্রাচীর নির্মানের ডিজাইন, প্রাক্কলন ও টেন্ডার ডকুমেন্ট তৈরী করিয়া যশোর পবিস-২ সরবরাহ করিতে হইবে। |
| ২০। | **সেবা সরবরাহের পর প্রয়োজনীয় দলিলাদি দাখিল ও মূল্য পরিশোধ** | সেবা সন্তোষজনকভাবে সরবরাহের পর নিম্ন বর্ণিত দলিলাদি দাখিল করা সাপেক্ষে সরবরাহকৃত সেবার ১০০% মূল্য যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক পরিশোধ করা হইবে<br>ক) সরবরাহকৃত সেবার বিবরণ, পরিমাণ, একক মূল্য এবং মোট পরিশোধযোগ্য মূল্য সম্বলিত ০১ (এক) কপি বিল ;<br>খ) পবিস পরিদর্শক কর্তৃক সরবরাহকৃত সেবার উপর প্রদত্ত সন্তোষজনক পরিদর্শন প্রতিবেদন;<br>গ) চালান এর প্রত্যায়িত কপি এবং<br>ঘ) প্রাপ্তি রশিদ এর কপি<br><br>সেবার মূল্য পরিশোধের সময় বিল হইতে নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন করা হইবে। |
| ২১। | **বিলম্বে সেবা সরবরাহের জরিমানাঃ** | যথাসময়ে সেবা সরবরাহ করিতে ব্যর্থ হইলে প্রতি দিন বিলম্বের জন্য চুক্তি মূল্যে বা কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে কর্তন করা হইবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হইবে না। |
| ২২। | **আয়কর ও ভ্যাট কর্তন** | সরকারি নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন করা হবে। |

দরদাতার স্বাক্ষর ও সীল

**পরিশিষ্ট 'ক '**

# দরপত্র ফরম

জেনারেল ম্যানেজার
যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২
মনিরামপুর, যশোর।

প্রিয় মহোদয় ,

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী (গণ) দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট ) পুঙ্খানুপুঙ্খ যাচাই পূর্বক (সংশোধন সহ) **নড়াইল জোনাল অফিস ক্যাম্পাসের সীমান প্রাচীর নির্মান কাজের জন্য পূর্ত উপদেষ্টা নিয়োগ** বাবদ মোট ............................ (কথায়) ........................................... টাকায় সরবরাহ করার প্রস্তাব করিতেছি।
আমার /আমাদের দরপত্র গৃহীত হইলে আমি/আমরা উদ্ধৃত সময়সীমা অর্থাৎ সরবরাহতব্য সেবার ১০০% সরবরাহ করিতে বাধ্য থাকিব।

আমার/আমাদের দরপত্র গৃহীত হইলে দরপত্র দলিলের ০৭ নং অনুচ্ছেদে উল্লেখিত সময়ের জন্য উদ্ধৃত দর বৈধ থাকিবে এবং ঐ সময়ের মধ্যে কার্যাদেশ প্রদান করা হইলে কার্যাদেশ অনুযায়ী মালামাল/সেবা সরবরাহ করিতে বাধ্য থাকিব।

আপনার প্রদত্ত কার্যাদেশ যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এবং আমাদের মধ্যে চুক্তি হিসাবে গণ্য হইবে।

আমি/আমরা জ্ঞাত আছি যে, আপনি সর্বনিম্ন দর অথবা যে কোন দরপত্র গ্রহণে বাধ্য নহেন।

------------------------------------
দরদাতার সাক্ষর (নামযুক্ত সীলসহ)

নাম -------------------

পদবী ----------------

পূর্ণ ঠিকানা / ফোন নং

দরদাতার স্বাক্ষর ও সীল

পরিশিষ্ট "খ"

দরদাতা প্রতিষ্ঠানের নামঃ

## সেবার বিবরণ

| SL No | Description of work/Service | Unit | Qnty | Rate Tk. | Amount Tk. |
|---|---|---|---|---|---|
| 01 | Preparation of Site layout Plan in consultation with the employer. | Per site | 01 | | |
| 02 | Site Investigation of Contour map for Earth/Sand Filling Work with feasibility report. | Per site | 01 | | |
| 03 | Sub soil investigation in laboratory test and all works complete in all respect and submission of test report (Minimum depth of boring =15m)<br>a) For mobilization<br>b) For each boring within site for complex | Per site<br>Per boring | 01<br>04 | | |
| 04 | Preparation of design and drawing etc.(2 Set) | Per work | 01 | | |
| 05 | Preparation of Estimates and BOQ.(2 Set) | Per work order | 01 | | |
| 06 | Preparation & supply of Bid documents. | Per copy | 10 | | |
| 07 | Supervision:-Supervision is to be made through the following qualified Engineers and Technical staff residing at site for each work. Fresh Graduate Civil Engineer or Diploma Engineer (Civil) of minimum 03 Year's experience in civil construction, supervision (to be deputed on full time basis during construction work at site) | P/ month | 06 | | |
| 08 | Top supervision by Senior Engr. (having minimum 8 years of experience in Civil Engineering graduate or 10 years experience in Civil Engineering Diploma in the relevant field with monitor). | P/Visit | 05 | | |
| 09 | Preparation of supply of as-built drawing and close out document. (4 Set) | Per work | 01 | | |

Total Tk.

In Words:

Signature of the tenderer

Date:

Seal:

দরদাতার স্বাক্ষর ও সীল

পরিশিষ্ট "গ"

দরদাতা প্রতিষ্ঠানের নামঃ

# সেবার বিবরণ ও মূল্য তালিকা

| SL No | Tender no | Description of work/Service | Unit | Qnty | Rate Tk. | Amount Tk. |
|---|---|---|---|---|---|---|
| 01 | 32/2023-2024 | Preparation of Site layout Plan in consultation with the employer. | Per site | 01 | | |
| 02 | | Site Investigation of Contour map for Earth/Sand Filling Work with feasibility report. | Per site | 01 | | |
| 03 | | Sub soil investigation in laboratory test and all works complete in all respect and submission of test report (Minimum depth of boring =15m)<br>a) For mobilization<br>b) For each boring within site for complex | Per site<br>Per boring | 01<br>04 | | |
| 04 | | Preparation of design and drawing etc.(2 Set) | Per work | 01 | | |
| 05 | | Preparation of Estimates and BOQ.(2 Set) | Per work order | 01 | | |
| 06 | | Preparation & supply of Bid documents. | Per copy | 10 | | |
| 07 | | Supervision:-Supervision is to be made through the following qualified Engineers and Technical staff residing at site for each work.<br>Fresh Graduate Civil Engineer or Diploma Engineer (Civil) of minimum 03 Year's experience in civil construction, supervision (to be deputed on full time basis during construction work at site) | P/ month | 06 | | |
| 08 | | Top supervision by Senior Engr. (having minimum 8 years of experience in Civil Engineering graduate or 10 years experience in Civil Engineering Diploma in the relevant field with monitor). | P/Visit | 05 | | |
| 09 | | Preparation of supply of as-built drawing and close out document. (4 Set) | Per work | 01 | | |

কথায়= (.....................................)

..............................

দরদাতার স্বাক্ষর ও সীল

পরিশিষ্ট - "ঘ"

দরদাতা প্রতিষ্ঠানের নামঃ

# সেবা সরবরাহ সময়সীমার তালিকা

| সেবার বিবরন | পরিমান | সরবরাহ সময়সীমা | উদ্ধৃত সময়সীমা | যে স্থান হইতে সরবরাহ করা হইবে | যে স্থানে সরবরাহ করা হইবে |
|---|---|---|---|---|---|
| Preparation of Site layout Plan in consultation with the employer. | 01 Per site | | | | যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ মনিরামপুর, যশোর। |
| Site Investigation of Contour map for Earth/Sand Filling Work with feasibility report. | 01 Per site | | | | |
| Sub soil investigation in laboratory test and all works complete in all respect and submission of test report (Minimum depth of boring =15m)<br>a) For mobilization<br>b) For each boring within site for complex | 01 Per site<br>04 Per boring | | | | |
| Preparation of design and drawing etc.(2 Set) | 01 Per work | | | | |
| Preparation of Estimates and BOQ.(2 Set) | 01 Per work order | | | | |
| Preparation & supply of Bid documents. | 10 Per copy | | | | |
| Supervision: Supervision is to be made through the following qualified Engineers and Technical staff residing at site for each work.<br>Fresh Graduate Civil Engineer or Diploma Engineer (Civil) of minimum 03 Year's experience in civil construction, supervision (to be deputed on full time basis during construction work at site) | 06 P/ month | | | | |
| Top supervision by Senior Engr. (having minimum 8 years of experience in Civil Engineering graduate or 10 years experience in Civil Engineering Diploma in the relevant field with monitor). | 05 P/Visit | | | | |
| Preparation of supply of as-built drawing and close out document. (4 Set) | 01 Per work | | | | |

নোট : কার্যাদেশ প্রদানের তারিখে সরবরাহ সময়সীমা শুরু হইবার তারিখ হিসাবে গণ্য করা হইবে।

দরদাতার স্বাক্ষর ও সীল